**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আহমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় যাত্রী ও ক্রু সহ সাধারণ মানুষ নিহত । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্ষতিগ্রস্তদের দ্রুত ও কার্যকর সহায়তা নিশ্চিত করতে নির্দেশ দিয়েছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ খোয়াই জেলায় মোট আটটি প্রকল্পের উদ্বোধন করেন ।**

**(৩) ১৫ দিন ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযানের আজ শেষ দিন ।**

**(৪) আগামী তেসরা জুলাই থেকে খয়েরপুরে চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গনে রাজ্যের ঐতিহ্যবাহী খার্চি পুজা - মেলা ও প্রদর্শনী শুরু হবে ।**

************************************************

**Ahmedabad Crash :**

আহমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় বহু যাত্রী ও ক্রু সহ সাধারণ মানুষ নিহত। আজ দুপুরে লণ্ডনগামী এয়ার ইণ্ডিয়ার একটি যাত্রীবিমান গুজরাটের আহমেদাবাদ বিমানবন্দরের কাছাকাছি মেঘানিনগরে একটি মেডিকেল কলেজের ছাত্রাবাসের ওপর ভেঙে পড়ে। ক্রু সহ সকলের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। অসামরিক বিমান পরিবহণের মহা নির্দেশকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিমানে দু'জন চালক, দশজন কেবিন ক্রু-সহ মোট ২৪২ জন যাত্রী ছিলেন। যাত্রীদের মধ্যে একশো ঊনসত্তর জন ভারতীয়, তিপ্পান্ন জন ব্রিটিশ নাগরিক, সাতজন পর্তুগালের এবং একজন কানাডার নাগরিক ছিলেন। গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রুপানীও বিমানে ছিলেন। আহতদের স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হচ্ছে। জরুরি তথ্যের জন্য 1800-5691-444 হটলাইন নম্বর চালু করেছে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ। ঘটনার সঙ্গে সঙ্গেই জরুরি

পরিষেবার কর্মীরা ছুটে গিয়ে উদ্ধার কাজে হাত লাগিয়েছেন। দুর্ঘটনার কারণ অনুসন্ধানে প্রাথমিক তদন্তের কাজও শুরু হয়েছে।

দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রামমোহন নাইডুর সঙ্গে কথা বলে খোঁজ খবর নিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, এই মর্মান্তিক দুর্ঘটনা জাতিকে হতবাক ও দুঃখিত করেছে এবং এটি একটি হৃদয়বিদারক ঘটনা বলে বর্ণনা করেছেন। শ্রী মোদী বলেন, ক্ষতিগ্রস্তদের দ্রুত ও কার্যকর সহায়তা নিশ্চিত করতে তিনি মন্ত্রীদের ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন।

অপরদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী গুজরাটের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। আহতদের চিকিৎসার জন্য নিয়ে যেতে গ্রীন করিডরের ব্যবস্থা করা হয়েছে বলে শ্রী শাহকে অবহিত করেছেন মুখ্যমন্ত্রী। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ইতিমধ্যেই ঘটনাস্থলে পৌঁছেছেন।

এদিকে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রামমোহন নাইডু দুর্ঘটনায় উদ্ধার কাজের তদারকির জন্য আহমেদাবাদ পৌঁছচ্ছেন।

এই দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে গভীর শোক ও মর্মবেদনা প্রকাশ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

*****************************

**Condolense-CM/Biplab Deb :**

আমেদাবাদে বিমান দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, সাংসদ বিপ্লব কুমার দেব, রাজীব ভট্টাচার্য। তারা পৃথক পৃথক শোকবার্তায় নিহতদের পরিবারদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

************************************

**Ahmedabad :**

আহমেদাবাদে সংঘটিত বিমান দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন অসমের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। ড. শর্মা বিমান–যাত্রীদের জন্য উদ্বেগ এবং ঈশ্বরের কাছে প্রার্থনা জানিয়েছেন।

প্রসঙ্গত, দুর্ঘটনাগ্রস্ত বিমানে উত্তরপূর্বের দুই তরুণী ক্রু ছিলেন। তাঁদের একজন মণিপুরের কংব্রাইলতপাম এনগানথোই শর্মা এবং অপরজন মিজোরামের লামনুনথিয়েম সিংসন।

*****************************

**Plane Accident :**

এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনার প্রেক্ষিতে গুজরাট সরকার আহমেদাবাদের বি. জে. মেডিকেল কলেজে ডিএনএ পরীক্ষার ব্যবস্থা করেছে। বিমানের যাত্রীদের পরিবার এবং ঘনিষ্ঠজনদের, বিশেষ করে তাদের বাবা-মা এবং সন্তানদের, যত তাড়াতাড়ি সম্ভব হতাহতদের সনাক্ত করার জন্য তাদের নমুনাগুলি জমা দিতে বলা হয়েছে। গুজরাট স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মুখ্য সচিব ধনঞ্জয় দ্বিবেদী একথা জানান। তিনি আরও জানান, প্রায় ৫০ জন আহত ব্যক্তিকে আহমেদাবাদের সিভিল হাসপাতালে আনা হয়েছে এবং তাদের সর্বোত্তম চিকিৎসা দেওয়া হচ্ছে। শ্রী দ্বিবেদী আরও বলেন সিভিল হাসপাতাল যাত্রীদের আত্মীয়স্বজন এবং অন্যান্য আহতদের জন্য হেল্পলাইন নম্বর - ৬৩৫৭৩৭৩৮৩১ এবং ৬৩৫৭৩৭৩৮৪১ চালু করেছে।

************************

**CM-Khowai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ খোয়াই জেলায় মোট আটটি প্রকল্পের উদ্বোধন করেন। তিনি বাইজাল বাড়ি নতুন থানা ও বাইজালবাড়ি জনজাতি বালক ছাত্রাবাসের উদ্বোধন করেন। তাছাড়া বাইজালবাড়ি স্কুল মাঠে আয়োজিত অনুষ্ঠান থেকে তিনি ভার্চুয়ালভাবে মুঙ্গিয়াকামি, তেলিয়ামুড়া এবং তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পাবলিক হেলথ ইউনিট, ধলাবিল পঞ্চায়েত রিসোর্স সেন্টার, তেলিয়ামুড়া ব্লক কার্যালয়ের সম্প্রসারিত

নতুন ভবন এবং মেথরাই রিয়াং বাড়ি হাইস্কুলের নতুন ভবনের উদ্বোধন করেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিশায় রাজ্যে গৃহিত উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে তিনি বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক রঞ্জিত দেববর্মা। উপস্থিত ছিলেন, রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ ধনকর, খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়।

**************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক এবং উচ্চতর মাধ্যমিক পরীক্ষার চূড়ান্ত মেধাতালিকা আগামীকাল দুপুর ১২টায় প্রকাশ করা হবে। পর্ষদ সচিব ডঃ দুলাল দে এ খবর জানিয়েছেন।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Vikshit krishi sankalpa abhiyan :**

১৫ দিন ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযানের আজ ছিল শেষ দিন। আগামীকাল এই অভিযানের আনুষ্ঠানিক সমাপ্তি অনুষ্ঠান হবে নাগিছড়ায় স্টেট হর্টিকালচার রিসার্চ সেন্টারে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ। কৃষি দপ্তর সুত্রে জানা গেছে, রাজ্যের ৮৬৪টি গ্রামের প্রায় ১ লক্ষ ৭২ হাজার  কৃষক এই অভিযানে অংশগ্রহণ করেছেন। এই কর্মসূচির মাধ্যমে কৃষকদের আধুনিক ও সুস্থায়ী কৃষিপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারে উৎসাহ প্রদান করা হয়েছে।

**************************

**Vikshit Krishi Sankalp Abhiyan–Nalchar :**

নলছড় ব্লকে আজ বিকশিত কৃষি সংকল্প অভিযান অনুষ্ঠিত হয়। নলছড় ব্লক কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে সিপাহীজলা জেলার কৃষকদের সংবর্ধনা ও কৃষি সহায়ক যন্ত্রপাতি প্রদান করা হয়। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মন, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস।

*************************

**Special train :**

গুজরাটে এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনার পর, ভারতীয় রেলওয়ে আহমেদাবাদ থেকে যাত্রীদের সুবিধার্থে দুটি বিশেষ ট্রেন চালাবে। একটি ট্রেন রাত ১২টায় আহমেদাবাদ থেকে মুম্বাইয়ের উদ্দেশ্যে এবং আরেকটি ট্রেন রাত ১১:৩০টায় আহমেদাবাদ থেকে নয়াদিল্লির উদ্দেশ্যে ছাড়বে।

****************************

**BJP :**

আহমেদাবাদে বিমান দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে বিজেপি আগামীকাল রাজ্যে সমস্ত কর্মসুচি স্থগিত রেখেছে। প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক অমিত রক্ষিত এখবর জানান।

***************************

**Students' Felicitation :**

সিপাহীজলা জিলা পরিষদ ও জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ এবছরের মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিকে সিপাহীজলা জেলার কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। সোনামুড়া টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মন, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ।

**************************

**CPIM Deputation :**

রতনমনি সেতু থেকে বিলোনিয়ার পুরাতন মোটরস্ট্যান্ড পর্যন্ত মুহুরী নদী-বাঁধের উচ্চতা বৃদ্ধি, সিসি ব্লক দিয়ে বাঁধ নির্মান, বিলোনিয়া শহরের প্রভাতী মার্কেট, বনকর বাজার সংস্কার সহ ৯ দফা দাবিতে আজ বিলোনিয়া পুর পরিষদের কার্যনির্বাহী আধিকারিকের কাছে ডেপুটেশন প্রদান করেছে সিপিআইএম। ডেপুটেশনে নেতৃত্ব দেন বিধায়ক দীপংকর সেন ও প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক প্রমুখ।

**************************

**AMC Meeting :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট ও অন্যান্য পরিকাঠামো সংস্কারের জন্য পুর নিগমের প্রতিটি ওয়ার্ডে ১৫ লক্ষ টাকা করে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। আজ পুর নিগমের এক বৈঠকের পর তিনি সাংবাদিকদের একথা জানান। মেয়র জানান, আজকের বৈঠকে আগরতলা পুর নিগম এলাকায় বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়।

************************************

**GB HOSPITAL :**

রাজ্যে এই প্রথম আগরতলার জিবি হাসপাতালে ১১ বছর বয়সি এক শিশুর মেরুদন্ডে সফল জটিল অস্ত্রোপচার করা হয়েছে। শিশুটি বর্তমানে সম্পূর্ণ সুস্থ ও স্বাভাবিক জীবনযাপন করছে। আজ জিবি হাসপাতালে এক সাংবাদিক সম্মেলনে শিশুরোগ বিশেষজ্ঞ ডা: সঞ্জীব কুমার দেববর্মা একথা জানান।

*****************************

**Awareness programme :**

ত্রিপুরা গ্রামীন জীবিকা মিশনের জোলাইবাড়ি ব্লক মিশন ম্যানেজম্যান্ট ইউনিটের উদ্যোগে আজ জোলাইবাড়িতে নেশা ও বাল্য বিবাহ বিরোধী এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্লক এলাকার বিভিন্ন গ্রামীন সংগঠনগুলির সদস্যারা এবং জোলাইবাড়ি দ্বাদশ স্কুল ও জোলাইবাড়ি এম এম দ্বাদশ স্কুলের ছাত্র - ছাত্রীরা উপস্থিত ছিলেন। সভায় বাল্য বিবাহ ও নেশার কুফলগুলি তুলে ধরে আলোচনা করেন জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক গৌরব সরকার, জোলাইবাড়ি ফাঁড়ি থানার ওসি খোকন দাস ও দক্ষিণ জেলার শিশু সুরক্ষা ইউনিটের সুরক্ষা আধিকারিক খোকন ভৌমিক।

**************************

**Kharchi-Press Meet :**

আগামী তেসরা জুলাই থেকে খয়েরপুরে চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গনে রাজ্যের ঐতিহ্যবাহী খার্চি পুজা - মেলা ও প্রদর্শনী শুরু হবে। সাত দিন ব্যাপী এই মেলা চলবে আগামী ৯ই জুলাই পর্যন্ত। আজ পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক রতন চক্রবর্তী একথা জানিয়েছেন। তিনি জানান, তেসরা জুলাই সকাল ১১টায় মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ

মানিক সাহা। আগামী ৯ জুলাই মেলার সমাপ্তি দিনে উপস্থিত থাকবেন রাজ্যের সাংসদ বিপ্লব কুমার দেব ও রাজীব ভট্টাচার্য। মেলার ভিটি বিলির জন্য আবেদন পত্র দেওয়া হবে আগামী ১৫ই জুন থেকে।

***************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ঐকতান যুব সংস্থা জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ঐকতান যুব সংস্থা ৪-৩ গোলে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************